গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
রংপুর সদর,রংপুর।

স্মারক নং-৩১.৪৭.৮৫৭৩.৭৭৩.০৩.০০৬.২৪- ৭৮৫৬ তারিখ-৮০/১২/২০২৫ খ্রি.

**জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি**

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুসারে রংপুর জেলার রংপুর সদর উপজেলার ২০ (কুড়ি) একর পর্যন্ত বদ্ধ জলমহাল আগামী ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত সমবায় অধিদপ্তর ও সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতির নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | জলমহালের নাম | উপজেলার নাম | মৌজার নাম | আয়তন (একর) | সরকারি ইজারা মূল্য | অনলাইনে আবেদনের তারিখ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে আবেদনের প্রিন্ট কপি ও জামানতের মূলকপি দাখিলের তারিখ |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ০৬ | ০৭ | ০৮ |
| ০১ | বাইশার বিল | রংপুর সদর | রামনাথপুর | ৯.৪৪ একর | ৩,৭৩১৭০/- | বাংলা<br>১ মাঘ থেকে ১৫ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ।<br>ইংরেজী<br>১৫ জানুয়ারি থেকে ২৯ জানুয়ারী, ২০২৬ খ্রিস্টাব্দ | বাংলা<br>১৮ মাঘ, ১৪৩২ হতে ২০ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ।<br>ইংরেজী<br>০১ ফেব্রুয়ারি হতে ০৩ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ। |
| ০২ | চাপড়ার বিল | রংপুর সদর | চন্দনপাট | ১.১৫ একর | ৫৭,১৬৮/- | | |
| ০৩ | লাহিড়ীরহাট পুকুর | রংপুর সদর | সাবাজপুর | ০.৬৯একর | ৩৬,৫৭৬/- | | |
| ০৪ | ঘুড়িয়াল খাঁ পুকুর | রংপুর সদর | জানকী দিগর | ৩.৬৬একর | ৩২,৩৭১/- | | |
| ০৫ | কুর্শা বিল | রংপুর সদর | কুর্শা বলরামপুর | ৯.৩৪ একর | ৪,৭৬,৭৬৫/- | | |
| ০৬ | বুড়ির পুকুর | রংপুর সদর | হরিদেবপুর | ০.৮১ একর | ৪,৭৫২/- | | |
| ০৭ | সারদা পুকুর | রংপুর সদর | বিশ্বনাথ পুকুর | ০.৫১ একর | ৭,২৪৫/- | | |

**ইজারার শর্তসমূহ:**

০১. প্রকৃত মৎস্যজীবী সমিতি/ মৎস্যজীবী সংগঠন ১৫/০১/২০২৬ হতে ২৯/০১/২০২৬ খ্রি. (০১ মাঘ থেকে ১৫ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ) এর মধ্যে অনলাইনে আবেদন করতে পারবেন। আবেদনের লিংক (http://jm.lams.gov.bd)।

০২. অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি, চাহিত সংশ্লিষ্ট কাগজপত্র ও উদ্ধৃত ইজারা মূল্যের ২০% জামানত বাবদ ব্যাংক ড্রাফট/ পে অর্ডারের মূল কপি সীলগালা মুখবদ্ধ খামে অফিস চলাকালীন সময়ের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রংপুর সদর, রংপুর- এ নির্ধারিত সীলগালাকৃত দরপত্র বাক্সে ০১/০২/২০২৬ খ্রি. হতে ০৩/০২/২০২৬ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জমা দিতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না। ইজারাপ্রাপ্ত সমিতি কর্তৃক দাখিলকৃত জামানত বাবদ ২০% টাকা শেষ বছরের ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে।

০৩. আবেদনকারী মৎস্যজীবী সমিতিকে আবেদন বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) চালানের মাধ্যমে জলমহাল ও ইজারা পুকুর ১/৪৬৩১/০০০০/১২৬১ কোডে জমা প্রদান করে চালানের মূলকপি আবেদনের সাথে যুক্ত করে দাখিল করতে হবে।

০৪. নির্বাচিত মৎস্যজীবী সমবায় সমিতিকে নির্ধারিত সময়ের মধ্যে ১ম বছরের ইজারামূল্যসহ মোট ইজারা মূল্যের ১০% আয়কর ও ১৫% ভ্যাট একযোগে চালানের মাধ্যমে (জলমহাল ও পুকুর ইজারা সংক্রান্ত কোড: (১/৪৬৩১/০০০০/১২৬১) জমা প্রদানপূর্বক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে। ২য় বছরের সম্পূর্ণ ইজারা মূল্য ১ম বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। পরবর্তী বছরসমূহের ইজারা মূল্য একইভাবে পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যুক্তিসংগত কারণ ব্যতীত সমুদয় ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে উপজেলা নির্বাহী অফিসার ইজারা বাতিল করবেন এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

০৫. ভুল/অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৬. মৎস্যজীবী সংগঠন/ সমিতিকে যাচাই বাছাই এর ক্ষেত্রে উক্ত সংগঠন/ সমিতি এর কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারা মূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/ সমিতিকে উক্ত জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।

CamScanner

০৭. কোন কারণবশত ইজারা প্রদান কার্যক্রম বিলম্ব হলেও প্রদত্ত ইজারা ১৪৩৩ বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে কার্যকর হবে। এজন্য ইজারা গ্রহীতা কোন আর্থিক সুবিধা বা ক্ষতিপূরণ দাবি করতে পারবেন না। এ বিজ্ঞপ্তিভুক্ত সকল জলমহালের ইজারার মেয়াদ ৩০ চৈত্র, ১৪৩৫ বঙ্গাব্দ তারিখে সমাপ্ত হবে।

০৮. সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত রংপুর জেলার রংপুর সদর উপজেলাধীন প্রকৃত মৎস্যজীবী সংগঠন/ সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে ইজারা প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার পাবে। যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী মৎস্যজীবী সংগঠন পাওয়া না যায় সেক্ষেত্রে উপজেলার অন্য কোন মৎস্যজীবী সমিতি/সংগঠনসহ অন্যান্য পার্শ্ববর্তী উপজেলার মৎস্যজীবী সংগঠন/সমিতিকে ইজারা প্রদানের বিষয়ে বিবেচনা করা হবে।

০৯. দাখিলকৃত আবেদনের উদ্ধৃত দর সরকারি ইজারামূল্য অপেক্ষা কম হলে দাখিলকৃত আবেদন গ্রহণযোগ্য হবে না।

১০. আবেদনের সাথে সংগঠন বা সমিতির নিবন্ধন সনদ, সমিতির সভার কার্যবিবরণী, বিগত দুই বছরের অডিট রিপোর্ট, নির্বাচিত কমিটির সভাপতি ও সম্পাদকের ছবিসহ নির্বাহী সদস্যদের নামের তালিকা ও সমিতির সমিতির সকল প্রকৃত মৎস্যজীবী সদস্যগণের এফ.আই.ডি কার্ডের সত্যায়িত কপি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক রুল অনুসারে ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, জলমহালে মৎস্য চাষ/ উৎপাদন/ সুষ্ঠু পরিকল্পনা/ রূপরেখা ইত্যাদি কাগজপত্র সংযোজন করতে হবে।

১১. কোন মৎস্যজীবী সমবায় সমিতি দুইটির অধিক জলমহাল ইজারা/ বন্দোবস্ত পাবে না।

১২. গৃহীত ইজারা মূল্যের উপর সরকার নির্ধারিত ১৫% হারে ভ্যাট ও ১০% হারে আয়কর ১ম বছরের ইজারার টাকার সাথে একত্রে প্রদান করতে হবে।

১৩. জলমহাল ইজারার মেয়াদ ০১ বৈশাখ থেকে শুরু হবে এবং বছরের যে কোন সময়ে জলমহালের ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ ০১ বৈশাখ থেকে কার্যকর হবে এবং একই বছরের ৩০ চৈত্র তারিখে তা শেষ হবে। এ সময়ের মধ্যে কোন কারণে যদি খাস কালেকশন করা হয় তবে তা সরকারি খাতে জমা হবে, ইজারাপ্রাপ্ত সংগঠন/সমিতি পাবে না।

১৪. ইজারাকৃত জলমহালগুলি কোনক্রমেই সাবলীজ দেয়া যাবে না, যদি সাবলীজ দেয়া হয়, তাহলে উক্ত জলমহালের ইজারা উপজেলা নির্বাহী অফিসার বাতিল করবেন এবং জামানতসহ জমাকৃত ইজারা মূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ঐ ইজারা গ্রহীতা সমিতি পরবর্তী ৩ (তিন) বছর কোন জলমহালের ইজারার জন্য আবেদন করতে পারবেন না।

১৫. নির্ধারিত সময়ে লিজমানি পরিশোধ না করলে, তথ্য গোপন করলে কিংবা অন্য কোন অনিয়মের কারণে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি লিজ বাতিল করে পুনরায় লিজ প্রদানের কার্যক্রম গ্রহণ করতে পারবেন।

১৬. ইজারার মেয়াদ শেষ হলে মাছ সংগ্রহের জন্য অতিরিক্ত কোন সময় মঞ্জুর করা যাবে না।

১৭. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এ বর্ণিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিধি-বিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবেন।

১৮. ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ জনস্বার্থে যে কোন প্রয়োজনে যে কোন সময় কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন সম্পর্কে যে কোন সময়ে উপর্যুক্ত সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৩/১২/২০২৫

সাইফুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
রংপুর সদর, রংপুর।

CamScanner

স্মারক নং- ৩১.৪৭.৮৫৭৩.৭৭৩.০৩.০০৬.২৪- ১৮৫৬ তারিখ: ৩০/১২/২০২৫ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:

০১. জেলা প্রশাসক, রংপুর।
০২. পুলিশ সুপার, রংপুর।
০৩. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রংপুর।
০৪. উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর।
০৫. সহকারী কমিশনার (ভূমি), রংপুর সদর, রংপুর।
০৬. অফিসার ইনচার্জ, কোতয়ালী থানা, রংপুর।
০৭. উপজেলা ................................................ কর্মকর্তা, রংপুর সদর, রংপুর।
০৮. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, কাচারী বাজার শাখা, রংপুর।
০৯. চেয়ারম্যান (সকল) ইউপি, রংপুর সদর, রংপুর। উল্লিখিত বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে ঝুলিয়ে প্রচারের জন্য ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১০. জনাব, ................................................... সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, রংপুর সদর, রংপুর।
১১. ইউনিয়ন ভূমি সহকারী/উপ-সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস (সকল), রংপুর সদর, রংপুর। উল্লিখিত বিজ্ঞপ্তিটি স্থানীয় সকল হাট-বাজারে ঢোল সহরত/ মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১২. সম্পাদক, দৈনিক - আমাদের কণ্ঠ ........................ স্বল্প পরিসরে তাঁর পত্রিকায় বিজ্ঞপ্তিটি ০১ (এক) দিনের জন্য প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৩. নোটিশ বোর্ড।
১৪. অফিস কপি/মাস্টার ফাইল।

৩০/১২/২৫

মোঃ দুলাল হোসেন
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা
কমিটি
রংপুর সদর, রংপুর, রংপুর।

CamScanner